গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বার্ষিক প্রতিবেদন

২০১৫-১৬

সরকারি কর্মচারী হাসপাতাল

ফুলবাড়িয়া, ঢাকা।

সূচিক্রম

আলোচ্য বিষয়	পৃষ্ঠা নং
১. ভিশন, মিশন এবং লক্ষ্য ও উদ্দেশ্য	১১
২. সরকারি কর্মচারী হাসপাতাল পরিচিতি	১২
৩. হাসপাতালের অনুমোদিত জনবল	১৪
৪. বিভাগসমূহ	১৭
৫. বিভাগীয় প্রধানগণের নামের তালিকা	১৮
৬. বিভাগ অনুযায়ী চিকিৎসকগণের নামের তালিকা	১৯
৭. হাসপাতালের বিশেষায়িত কার্যক্রম	২৩
৮. বাজেট	২৫
৯. বিভিন্ন বিভাগে সেবা প্রাপ্ত রোগীর তথ্যসমূহ	২৬
১০. বিভিন্ন পরীক্ষা সম্পর্কিত তথ্যসমূহ	৩০
১১. নবজাতক, শিশু ও মাতৃস্বাস্থ্য সম্পর্কিত তথ্যসমূহ	৩২
১২. প্রতিষেধকমুলক টিকাদান সম্পর্কিত তথ্যসমূহ	৩৪
১৩. হাসপাতালে বিদ্যমান বিভিন্ন সরঞ্জামাদির বিবরণ	৩৫
১৪. হাসপাতালের বিভিন্ন বিভাগের টেলিফোন নম্বর	৩৭
১৫. ভবিষ্যৎ পরিকল্পনা	৩৮
১৬. ফটোগ্যালারী	৩৯

সৈয়দ আশরাফুল ইসলাম
মন্ত্রী
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Syed Ashraful Islam
Minister
Ministry of Public Administration
Govt. of the People`s Republic of Bangladesh

বাণী

আমি আনন্দিত যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্থ ‘সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া ঢাকা **‘বার্ষিক প্রতিবেদন ২০১৫–১৬’** প্রকাশ করতে যাচ্ছে। স্বাস্থ্যসেবায় হাসপাতালের কার্যক্রম তুলে ধরার এই প্রয়াস প্রশংসনীয়।

সুস্থ জাতি গঠনে সুস্বাস্থ্যের ভূমিকা অনস্বীকার্য। সে লক্ষ্যে ‘সরকারি কর্মচারী হাসপাতাল’ সরকারি চাকরিজীবী এবং অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী ও তাদের পোষ্যদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। প্রতিষ্ঠালগ্ন থেকে এটি সাফল্যের সাথে স্বাস্থ্যসেবা দিয়ে আসছে। ক্রমবর্ধমান চাহিদা নিশ্চিত করতে প্রয়োজনীয় সকল কার্যক্রমে গতিশীলতা আনতে কর্তৃপক্ষ তাদের দক্ষতার প্রমাণ রাখবে বলে আমার বিশ্বাস। হাসপাতালটির সেবার মান বৃদ্ধির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে।

সকল কর্মচারীদের স্বাস্থ্যসেবায় সরকারি কর্মচারী হাসপাতাল একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করুক–এটাই আমার আন্তরিক কামনা।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক

সৈয়দ আশরাফুল ইসলাম, এম.পি
মন্ত্রী

ইসমাত আরা সাদেক
প্রতিমন্ত্রী
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Ismat Ara Sadique
Minister of State
Ministry of Public Administration
Govt. of the People`s Republic of Bangladesh

বাণী

সরকারি কর্মচারীদের জন্য একটি স্বয়ংসম্পূর্ণ আধুনিক হাসপাতাল বর্তমানে সময়ের দাবি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা যতবার ক্ষমতায় এসেছেন ততবার-ই দেশের জনগণের কল্যাণে কাজ করেছেন। সরকারি কর্মচারীদের দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে তিনি ঢাকার ফুলবাড়িয়ায় সরকারি কর্মচারী হাসপাতালটি প্রতিষ্ঠা করেন। তাঁর-ই নির্দেশে জনপ্রশাসন মন্ত্রণালয় হাসপাতালটির উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে। হাসপাতালটির পক্ষ থেকে **‘বার্ষিক প্রতিবেদন ২০১৫–১৬’** প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি খুব-ই আনন্দিত হয়েছি। আমি আশা করছি এ প্রতিবেদনটি সরকারি কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের স্বাস্থ্যসেবার ক্ষেত্রে তথ্যসহায়তা দিয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

এ প্রতিবেদনটির জন্য আমি সরকারি কর্মচারী হাসপাতাল কর্তৃপক্ষ ও প্রকাশনা টিমকে আমার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক

ইসমাত আরা সাদেক, এম.পি
প্রতিমন্ত্রী

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Dr. Md. Mozammel Haque Khan
Senior Secretary
Ministry of Public Administration
Govt. of the People`s Republic of Bangladesh

বাণী

আমি জেনে অত্যন্ত আনন্দিত ‘সরকারি কর্মচারী হাসপাতাল’ প্রথম **‘বার্ষিক প্রতিবেদন ২০১৫–১৬’** প্রকাশ করতে যাচ্ছে।

সরকারি কর্মচারী ও তাদের পোষ্যদের স্বাস্থ্যসেবায় হাসপাতালটি নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত হাসপাতালটি ইতোমধ্যে আধুনিক ও মানসম্মত স্বাস্থ্যসেবায় অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে হাসপাতালের অটোমেটেড ব্যবস্থাপনা সার্বিক কার্যক্রমে গতিশীলতা এনেছে। ফলে সেবাগ্রহিতারা অতিদ্রুত মানসম্মত সেবা পাচ্ছে।

ড. মোঃ মোজাম্মেল হক খান

মোঃ মুয়াজ্জেম হোসাইন
অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Md. Muazzem Hossain
Additional Secretary(Admin)
Ministry of Public Administration
Govt. of the People`s Republic of Bangladesh

বাণী

আমি জেনে খুশি হয়েছি যে, প্রথমবারের মতো সরকারি কর্মচারী হাসপাতালের **'বার্ষিক প্রতিবেদন ২০১৫–১৬'** প্রকাশ করার উদ্যোগ নেয়া হয়েছে।

সরকারি কর্মচারী হাসপাতালটি মূলতঃ সরকারি কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিষ্ঠিত। সঠিক স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য হাসপাতাল ও এর সেবা, জনবলের সক্ষমতা প্রভৃতি সম্পর্কে সেবাগ্রহিতাদের অবগত হওয়া প্রয়োজন। এ প্রতিবেদনটি হাসপাতালের পরিচিতি, অবস্থান ও সেবার মান সম্পর্কে সেবাগ্রহিতাদের একটি সুন্দর ধারণা দিবে–যা তাদের সেবা গ্রহণে সহায়ক হবে বলে আমি মনে করি।

প্রয়োজনীয় তথ্যসমৃদ্ধ এ প্রতিবেদনটি প্রকাশে যারা নিরলসভাবে কাজ করেছেন তাদের আমি আন্তরিক ধন্যবাদ জানাই।

মোঃ মুয়াজ্জেম হোসাইন

মোঃ আনোয়ারুল ইসলাম সরকার
অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ)
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Md. Anwarul Islam Sarker
Additional Secretary (Ministry & welfare)
Ministry of Public Administration
Govt. of the People`s Republic of Bangladesh

বাণী

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্থ ‘সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া ঢাকা’ প্রথম **‘বার্ষিক প্রতিবেদন ২০১৫−১৬’** প্রকাশ করতে যাচ্ছে। এটি নিঃসন্দেহে এ হাসপাতালের সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারী ও সেবাগ্রহিতাদের গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে সহযোগিতা করবে।
এই প্রতিবেদনটি অত্র হাসপাতালের প্রয়োজনীয় তথ্যসমূহের সংরক্ষক হিসেবে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। যেহেতু জনপ্রশাসন মন্ত্রণালয় সবসময় হাসপাতালটি উন্নয়নের জন্য কাজ করে সেহেতু প্রতিবেদনটি অত্র হাসপাতালে স্বাস্থ্যসেবা গ্রহণকারীদের ব্যাপক উপকারে আসবে বলে আমি মনে করি।

পরিশেষে প্রতিবেদনটি প্রকাশে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত সকলকে আমার পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাই।

মোঃ আনোয়ারুল ইসলাম সরকার

ডাঃ সাদিয়া সাজমিন সিদ্দিকা
তত্ত্বাবধায়ক (চ.দা.)
সরকারি কর্মচারী হাসপাতাল
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Dr. Sadia Sajmin Siddiqua
Superintendent (C.C.)
Sarkari Karmachari Hospital
Ministry of Public Administration
Govt. of the People`s Republic of Bangladesh

বাণী

‘সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া ঢাকা’-এর প্রথম **‘বার্ষিক প্রতিবেদন ২০১৫-১৬’** প্রকাশ হতে যাচ্ছে। অত্র হাসপাতালের তত্ত্বাবধায়ক হিসেবে এটি আমার জন্য একটি আনন্দের বিষয়।
প্রতিবেদনটিতে হাসপাতালের বিভিন্ন কর্মকান্ড ও সর্বশেষ তথ্যাদি লিপিবদ্ধ রয়েছে। হাসপাতালটির প্রয়োজনীয় তথ্যসমৃদ্ধ প্রতিবেদনটি সেবাপ্রদানকারী ও সেবাগ্রহিতা উভয়ের উপকারে আসবে বলে আমি মনে করি।

প্রথম প্রকাশ হিসেবে প্রতিবেদনটিতে নানা ভুল-ভ্রান্তি থাকতে পারে। সেহেতু পরবর্তী সংস্করণগুলো নির্ভুল করার লক্ষ্যে সকলকে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করার অনুরোধ জানাচ্ছি।

ডাঃ সাদিয়া সাজমিন সিদ্দিকা